

## সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৫৬

৫. কিতাবুল ঈমান (كتَابُ الْإِيمَان)

পরিচ্ছেদঃ ঈমানের ফরয

بَابُ فَرْضِ الْإِيمَانِ

## আরবী

أَخْبَرَنَا الْحَسَنُ بْنُ سُفْيَانَ الشَّيْبَانِيُّ قَالَ حَدَّثَنَا أُميَّةُ بْنُ بِسْطَامٍ قَالَ حَدَّثَنَا يَزِيدُ بْنُ زُرَيْعٍ قَالَ حَدَّثَنَا رَوْحُ بْنُ الْقَاسِمِ عَنْ إِسْمَاعِيلَ بْنِ أُميَّةَ عَنْ يَحْيَى بْنِ عَبْدِ اللَّهِ بْنِ صَيْفِيِّ عَنْ أَبِي مَعْبَدٍ عَنِ ابْنِ عَبَّاسٍ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لَمَّا بَعَثَ مُعَاذًا إِلَى الْيَمَنِ قَالَ: "إِنَّكَ تَقَدُمُ عَلَى قَوْمٍ مِنْ أَهْلِ الْكِتَابِ فَلْيَكُنْ أَوَّلَ مَا تَدْعُوهُمْ إِلَيْهِ عِبَادَةُ اللَّهِ فَإِذَا عَرَفُوا اللَّهَ فَأَخْبِرْهُمْ أَنَّ اللَّهَ فَرَضَ عَلَيْهِمْ خَمْسَ صَلَوَاتٍ فِي يَوْمِهِمْ وَلَيْلَتِهِمْ وَإِذَا عَرَفُوا اللَّهَ فَرَضَ عَلَيْهِمْ زَكَاةً تُؤْخَذُ مِنْ أَمُوالِهِمْ فَتُرَدُّ عَلَى فَقَرَائِهِمْ فَإِذَا فَعَلُوهَا فَقُرُدُ عَلَى فَقَرَائِهِمْ فَإِذَا فَعَلُوهَا فَقُدُر مِنْ أَمُوالِ الناس.

الراوي: ابْن عَبَّاسٍ المحدث: العلامة ناصر الدين الألباني المصدر: صحيح ابن حبان

الصفحة أو الرقم: 156 | خلاصة حكم المحدث: صحيح.

## বাংলা

১৫৬. আব্দুল্লাহ বিন আব্বাস রাদ্বিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন, নিশ্চয়ই রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম যখন মুয়ায রাদ্বিয়াল্লাহু আনহুকে ইয়ামানে পাঠান, তখন তাঁকে বলেন: 'আপনি আহলে কিতাবদের একটি সম্প্রদায়ের কাছে যাচ্ছেন, অতএব তাদের প্রতি আপনার প্রথম দা'ওয়াত যেন হয় আল্লাহর ইবাদত। যখন তারা আল্লাহকে চিনবে, তখন আপনি জানাবেন যে, আল্লাহ তাদের উপর দিনে-রাতে পাঁচ ওয়াক্ত সালাত ফরয করেছেন। যখন তারা এটা পালন করবে, তখন তাদেরকে জানাবেন যে, আল্লাহ তাদের উপর যাকাত ফরয করেছেন; যা তাদের সম্পদ থেকে গ্রহণ করা হবে অতঃপর তাদের গরীবদের মাঝে তা বন্টন করা হবে। যদি তারা তা মেনে নেয়, তাহলে তাদের থেকে তা গ্রহন করবেন। তবে মানুষের উত্তম সম্পদ গ্রহণ করা থেকে বেঁচে থাকবেন।'[1]



قَالَ أَبُو حَاتِمٍ - رَضِيَ اللَّهُ عَنْهُ -: هَذَا النَّوْعُ مِثْلُ الْحَجِّ وَالزَّكَاةِ وَمَا أَشْبَهَهُمَا مِنَ الْفَرَائِضِ الَّتِي فُرضت عَلَى . بَعْضِ الْعَاقِلِينَ الْبَالِغِينَ فِي بَعْضِ الْأَحْوَالِ لَا الْكُلّ

আবু হাতিম ইবনু হিবান রহিমাহল্লাহ বলেন: "এই প্রকার বিধি-বিধান যেমন হজ্জ, যাকাত এবং এই জাতীয় অন্যান্য আমলগুলো এমন ফর্য বিধানের অন্তর্ভূক্ত যা কিছু জ্ঞানবান, বালেগ ব্যক্তির উপর কিছু অবস্থায় ফর্য; সর্বাস্থায় নয়।"

## ফুটনোট

[1] সহীহ আল বুখারী: ১৪৫৮; সহীহ মুসলিম: ১৯, ৩১; তাবারানী আল কাবীর: ১২২০৭; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ৩/১১৪; মুসনাদ আহমাদ: ১/২৩৩; আবু দাউদ: ১৫৮৪; তিরমিযী: ৬২৫; নাসাঈ: ৫/২; ইবনু মাজাহ: ১৭৮৩; দারেমী: ১/৩৭৯; বাগাবী, শারহুস সুন্নাহ: ১৫৫৭; দারাকুতনী: ২/১৩৬।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ১৪১২)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

Ø Link — https://www.hadithbd.com/hadith/link/?id=88365

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন